

স্কুল-কলেজে বছরে দু'বার ভূমিকম্পের মহড়ার নির্দেশ

■ বিশেষ প্রতিনিধি
জনসচেতনতা বৃদ্ধি ও ক্ষতি
কমাতে শিক্ষা প্রতিষ্ঠানে বছরে
অন্তত দু'বার ভূমিকম্পের মহড়া
দেওয়ার নির্দেশ দিয়েছে সরকার।
গতকাল সোমবার এ নির্দেশনা
দিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। জাতীয়
দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের
সভার সিদ্ধান্ত অনুযায়ী, শিক্ষা
মন্ত্রণালয়ের অধীন সব সরকারি-
বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে এ
নির্দেশনা দেওয়া হয়।

এর আগে গত ৬ মে প্রধানমন্ত্রী
শেখ হাসিনার সভাপতিত্বে জাতীয়
দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিলের
সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

ঢাকা বোর্ডের বিদ্যালয়
পরিদর্শক এটিএম মইনুল হোসেন
স্বাক্ষরিত এ নির্দেশনাটি বোর্ডের
আওতাধীন বিদ্যালয়গুলোতে
যথাযথভাবে অনুসরণ করার জন্য
কঠোর নির্দেশ
দেওয়া হয়েছে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ
মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা
বলেন, নেপালে গত ২৫ এপ্রিল
ভূমিকম্প ব্যাপক ক্ষতির দিন
বাংলাদেশেও কয়েক দফা
ভূকম্পন অনুভূত হয়। এরপর
জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা
কাউন্সিলের সভায় ভূমিকম্প
ঝুঁকি মোকাবেলার এ বিষয়টি
গুরুত্ব পায়।